

দুনীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা

নৈতিকতা কমিটির ২০২৩-২৪/৩ নং সভার কার্যবিবরণী


সভাপতি : মোঃ মাহবুব হোসেন
সচিব
সভার তারিখ : ৩১/০১/২০২৪ খ্রি.
সভার সময় : ১১.০০ ঘটিকা
স্থান : কমিশনের কনফারেন্স কক্ষ (কক্ষ নং-৫৪৫)
উপস্থিতি : পরিশিষ্ট – ক

সভাপতি কর্তৃক সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে গত ০১/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২৩-২৪/২ নং সভার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। অতঃপর, বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ১.৩ নং ক্রমিকে বর্ণিত 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা' কমিশন কর্তৃক অনুমোদিত অংশীজনের তালিকা অনুযায়ী যেকোন ০১ টি অংশীজন (Stakeholder) এর সাথে আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা' শীর্ষক কার্যক্রমটি বাস্তবায়নের জন্য আগামী ৩১ মার্চ ২০২৪ তারিখের মধ্যে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড —এর সাথে একটি সভা আয়োজন করতে হবে।	মহাপরিচালক (প্রতিরোধ)
২	শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুসারে প্রতি কোয়ার্টারে কমিশনের কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহণে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য শুদ্ধাচার বিষয়ক একটি প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	আগামী ৩১ মার্চ ২০২৪ তারিখের মধ্যে দুদকে কর্মরত ন্যূনতম ২০ জন কর্মচারীর জন্য শুদ্ধাচার বিষয়ক একটি প্রশিক্ষণ আয়োজন করা হবে।	মহাপরিচালক (প্রশিক্ষণ ও তথ্য প্রযুক্তি)
৩	দুনীতি দমন কমিশনের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ক্রমিক ২.৪ 'প্রকল্পের PSC/PIC সভা আয়োজন' শীর্ষক কার্যক্রমের অধীন ৩য় কোয়ার্টারে অর্থাৎ ৩১ মার্চ ২০২৪ তারিখের মধ্যে ০১ টি সভা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	আগামী ৩১ মার্চ ২০২৪ খ্রি. তারিখের মধ্যে একটি PSC/PIC সভা আয়োজন করা হবে।	পরিচালক (সুশাসন) /প্রকল্প পরিচালক
৪	শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ৩.৩ নং ক্রমিকে "অনুসন্ধান ও তদন্ত কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির জন্য অনুসন্ধানকারী ও তদন্তকারী কর্মকর্তাদের নিয়ে সভা আয়োজন" কার্যক্রম বিষয়ে আলোচনা হয়। ২০২৩-২৪ অর্থ-বছরে শুদ্ধাচার	আগামী ৩১ মার্চ ২০২৪ খ্রি. তারিখের মধ্যে অনুসন্ধানকারী ও তদন্তকারী কর্মকর্তাদের নিয়ে অনুসন্ধান ও তদন্ত সংশ্লিষ্ট ০৪ টি	মহাপরিচালক (তদন্ত -১, তদন্ত- ২, মানিলন্ডারিং ও বিশেষ তদন্ত)

	কর্মপরিকল্পনায় প্রতি কোয়ার্টারে অনুসন্ধানকারী ও তদন্তকারী কর্মকর্তাদের নিয়ে ০৪ (চারটি) করে সভা আয়োজনের পরিকল্পনা গৃহীত হয়েছে।	অনুবিভাগ কর্তৃক ১ টি করে মোট ০৪ (চারটি) সভা আয়োজন করা হবে।	
৫	শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ৩.৩ নং ক্রমিকে “বিভিন্ন মন্ত্রণালয় ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে শুদ্ধাচার ফোকাল পার্সনদের সাথে মতবিনিময় সভা আয়োজন” কার্যক্রম বিষয়ে আলোচনা হয়। ২০২৩-২৪ অর্থবছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় ৩য় কোয়ার্টারে উক্ত মতবিনিময় সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	আগামী ৩১ মার্চ ২০২৪ খ্রি. তারিখের মধ্যে বিভিন্ন মন্ত্রণালয় ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে শুদ্ধাচার ফোকাল পার্সনদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হবে।	মহাপরিচালক (প্রতিরোধ)

পরিশেষে, সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 মোঃ মাহবুব হোসেন
 সচিব

ফোন: ০২-৫৮৩১৬২০৭

Email: secretary@acc.org.bd

স্মারক নং: ০০.০১.০০০০.৩১০.৩১.০০৩.২৩.৫১৭২

তারিখ: ২৪ মাঘ ১৪৩০
 ০৭ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা-১), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। পরিচালক (প্রশাসন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। পরিচালক (সুশাসন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। পরিচালক (অর্থ ও হিসাব), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট (তথ্য ও প্রযুক্তি সেল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। উপপরিচালক (উন্নয়ন সহযোগী সমন্বয়), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। উপপরিচালক (জনসংযোগ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০। অফিস কপি।

শাহিকা ইসলাম
 উপপরিচালক (উন্নয়ন সহযোগী সমন্বয়)